


বাইবেল শিক্ষা দেয় যে,
ঈশ্বর পৃথিবীতে এই পরিবর্তনগুলো
ঘটাবেন।

“তিনি তাহাদের সমস্ত নেত্রজল মুছাইয়া দিবেন;
এবং মৃত্যু আর হইবে না; শোক বা আর্তনাদ বা ব্যথাও
আর হইবে না।”—প্রকাশিত বাক্য ২১:৪


“খঞ্জ হরিণের
ন্যায় লক্ষ্য দিবে।”
—যিশাইয় ৩৫:৬

“অন্ধদের চক্ষু খোলা
যাইবে।”
—যিশাইয় ৩৫:৫






“কবরস্থ সকলে . . . বাহির
হইয়া আসিবো।”
—যোহন ৫:২৮, ২৯



“নগরবাসী কেহ বলিবে না,
আমি পীড়িত।”
—যিশাইয় ৩৩:২৪




“দেশমধ্যে . . . প্রচুর
শস্য হইবে।”
—গীতসংহিতা ৭২:১৬

বাইবেল যা শিক্ষা দেয় তা থেকে উপকার লাভ করুন

আগের পৃষ্ঠাগুলোতে যা তুলে ধরা হয়েছে, সেগুলোকে নিছক মনগড়া ধারণা বলে উড়িয়ে দেবেন না। ঈশ্বর বিষয়গুলো ঘটাবেন বলে প্রতিজ্ঞা করেছেন আর বাইবেল ব্যাখ্যা করে যে, কীভাবে তিনি তা করবেন।

কিন্তু বাইবেল এর চেয়েও আরও বেশি কিছু করে। এটি আপনাকে এমনকি এখনই এক প্রকৃত পরিতৃপ্তিদায়ক জীবন উপভোগ করার চাবিকাঠি জোগায়। এক মুহূর্তের জন্য আপনার নিজস্ব উদ্বেগ ও সমস্যাগুলোর কথা চিন্তা করুন। সেগুলোর অন্তর্ভুক্ত হতে পারে টাকাপয়সার অভাব, পারিবারিক সমস্যা, ভগ্নস্বাস্থ্য কিংবা কোনো প্রিয়জনের মৃত্যু। বাইবেল আপনাকে আজকের সমস্যাগুলো মোকাবিলা করায় সাহায্য করতে পারে আর এটি এই ধরনের প্রশ্নগুলোর উত্তর দেওয়ার মাধ্যমে স্বপ্নিত এনে দিতে পারে:

- আমরা কেন কষ্টভোগ করি?
- জীবনের উদ্বেগগুলোর সঙ্গে আমরা কীভাবে সফলভাবে মোকাবিলা করতে পারি?
- কীভাবে আমরা আমাদের পারিবারিক জীবনকে আরও সুখী করতে পারি?
- আমরা যখন মারা যাই, তখন আমাদের কী হয়?
- আমরা কি আবার কখনো আমাদের মৃত প্রিয়জনদের দেখতে পাব?
- কীভাবে আমরা নিশ্চিত হতে পারি যে, ঈশ্বর ভবিষ্যতের জন্য করা তাঁর প্রতিজ্ঞাগুলো পরিপূর্ণ করবেন?



আপনি যে এই বইটি পড়ছেন সেটি দেখায় যে, বাইবেল কী শিক্ষা দেয় তা আপনি জানতে চান। এই বইটি আপনাকে সাহায্য করবে। লক্ষ করুন যে, পৃষ্ঠার নীচের দিকে অনুচ্ছেদ অনুযায়ী প্রশ্নগুলো রয়েছে। লক্ষ লক্ষ ব্যক্তি যিহোবার সাক্ষীদের সঙ্গে বাইবেল আলোচনা করার সময় প্রশ্নোত্তর পদ্ধতি ব্যবহার করা উপভোগ করেছে। আমরা আশা করি যে, আপনিও করবেন। বাইবেল প্রকৃতপক্ষে যা শিক্ষা দেয়, সেই বিষয়ে এখনই রোমাঞ্চকর ও পরিতৃপ্তিদায়ক অভিজ্ঞতা লাভ করার সময় আপনার ওপর যেন ঈশ্বরের আশীর্বাদ থাকে!

আপনার বাইবেলের সঙ্গে পরিচিত হোন

বাইবেল ৬৬টি পুস্তক ও বিভিন্ন পত্র নিয়ে গঠিত। সহজ রেফারেন্সের জন্য এগুলো অধ্যায় ও পদগুলোতে বিভক্ত। এই প্রকাশনায় যখন শাস্ত্রপদগুলো উল্লেখ করা হয়েছে, তখন নামের পর প্রথম সংখ্যাটা বাইবেলের পুস্তক বা পত্রের অধ্যায়কে বোঝায় এবং পরবর্তী সংখ্যাটা পদকে নির্দেশ করে। উদাহরণস্বরূপ “২ তীমথিয় ৩:১৬” বলতে তীমথিয়ের প্রতি দ্বিতীয় পত্রের ৩ অধ্যায়ের ১৬ পদকে বোঝায়।

এই প্রকাশনায় উল্লেখিত শাস্ত্রপদগুলো খুলে দেখার মাধ্যমে আপনি শীঘ্রই বাইবেলের সঙ্গে পরিচিত হয়ে উঠতে পারবেন। এ ছাড়াও, প্রতিদিন বাইবেল পড়ার একটা কার্যক্রম শুরু করুন না কেন? প্রতিদিন তিন থেকে পাঁচটা অধ্যায় পড়ার মাধ্যমে আপনি এক বছরে পুরো বাইবেল পড়ে ফেলতে পারবেন।

